অবিলম্বে প্রকাশের জন্য: 10/21/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল 140,000 নিউ ইয়র্কবাসীর জন্য হেলথ কেয়ারের খরচ প্রায় 40% বাড়িয়ে দেওয়ার জন্য ওয়াশিংটনের রিপাবলিকানদের তীব্র নিন্দা করলেন

প্রভাবিত নিউ ইয়র্কবাসীরা এখন প্রিমিয়াম বাড়ানোর নোটিস পাচ্ছেন

যেসব নিউ ইয়র্কবাসী Affordable Care Act-এর এনহ্যান্সড প্রিমিয়াম ট্যাক্স ক্রেডিটের উপর নির্ভর করেন তাদের জন্য খরচ ব্যাপক ভাবে বেড়ে যাচ্ছে

গড়ে প্রতি বছর তা ব্যক্তির জন্য প্রায় 1,400 মার্কিন ডলার এবং দম্পতির জন্য 3,000 মার্কিন ডলার বাড়ছে

গভর্নর Hochul (হোকল) আজকে 140,000 নিউ ইয়র্কবাসীর জন্য হেলথ কেয়ারের খরচ ব্যাপক ভাবে বাড়িয়ে দেওয়ার জন্য ওয়াশিংটনের (Washington) রিপাবলিকানদের তীব্র নিন্দা করেছেন। GOP বিদ্যমান এনহ্যান্সড প্রিমিয়াম ট্যাক্স ক্রেডিট (enhanced premium tax credits) বাড়াতে অস্বীকার করছে, তাই যে নিউ ইয়র্কবাসীরা সাশ্রয়ী, মান সম্পন্ন কভারেজের জন্য Affordable Care Act (ACA) ভর্তুকির উপর নির্ভর করেন তাদেরকে এখন জানানো হচ্ছে যে তাদের হেলথ ইনস্যুওরেন্সের প্রিমিয়াম আগামী বছর গড়ে 38 শতাংশ বাড়বে, অর্থাৎ গড়ে প্রতি বছর তা ব্যক্তির জন্য প্রায় 1,400 মার্কিন ডলার এবং দম্পতির জন্য 3,000 মার্কিন ডলার বাড়বে। এই খবরটি এমন সময় আসল যখন নিউ ইয়র্কবাসীরা ওপেন এনরোলমেন্টের জন্য প্রস্তুত হচ্ছেন, যা 1 নভেম্বর শুরু হওয়ার কথা আছে।

"ওয়াশিংটনের রিপাবলিকানরা এটি স্পষ্ট করে দিয়েছেন যে তারা নিউ ইয়র্কবাসীদের হেলথ কেয়ার সম্পর্কে চিন্তিত নন," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "এটি লজ্জাজনক। Affordable Care Act-এর ট্যাক্স ক্রেডিট বাড়াতে অস্বীকার করে তারা নিজেদের নাগরিকদের থেকে মুখ ফিরিয়ে নিচ্ছেন এবং সাশ্রয়ী, মান সম্পন্ন হেলথ কেয়ারের অ্যাক্সেস কেড়ে নিচ্ছেন। কংগ্রেসের (Congress) রিপাবলিকানদের সঠিক কাজটি করতে হবে এবং এই ক্রেডিট গুলি বাড়াতে হবে যাতে নিউ ইয়র্কবাসীর জন্য হেলথ ইনস্যুওরেন্সকে আরো সাশ্রয়ী করা এই ক্রেডিট বাড়ানো যায়।"

H.R.1-এর অধীনে পাশ করা ফেডারেল তহবিল কমানোর ব্যাপকতা, যা এখন GOP-এর শাটডাউন এবং এনহ্যান্সড প্রিমিয়াম ট্যাক্স ক্রেডিটের মেয়াদ শেষ হওয়ার কারণে আরো খারাপ হচ্ছে, তার কারণে নিউ ইয়র্কসহ (New York) কোনো স্টেটই এইসব ক্ষতিপূরণ করার জন্য তহবিল দিতে পারবে না।

গভর্নর কংগ্রেশনাল রিপাবলিকানদের কাছে সঠিক সিদ্ধান্ত নেওয়া এবং নিউ ইয়র্কবাসীর জন্য ইনস্যুওরেন্সকে আরো সাশ্রয়ী করা এনহ্যান্সড প্রিমিয়াম ট্যাক্স ক্রেডিটকে বাড়িয়ে দেওয়ার আহ্বান করছেন।

মাসিক হেলথ কেয়ার খরচ যেখানে যেভাবে বাড়বে তা হলো:

অঞ্চল	**গড়ে একটি দম্পতির জন্য প্রতি মাসে যে খরচ বাড়বে ($)**	**গড়ে একটি দম্পতির জন্য প্রতি মাসে যে খরচ বাড়বে (%)**
New York City	$211	38%
Mid-Hudson	$206	31%
Long Island	$219	32%
Capital Region	$231	33%
Western New York	$267	38%
Central New York	$256	43%
Finger Lakes	$248	42%
Mohawk Valley	$270	49%
Southern Tier	$265	48%
North Country	$253	44%
পুরো স্টেটে	$228	38%

নিউ ইয়র্ক স্টেটের হেলথ কমিশনার Dr. James McDonald (ডা. জেমস ম্যাকডোনাল্ড) বলেন, "যেসব নিউ ইয়র্কবাসী নিজেদের হেলথ কেয়ারের খরচকে সাশ্রয়ী রাখতে Affordable Care Act-এর এনহ্যান্সড প্রিমিয়াম ট্যাক্স ক্রেডিটের উপর নির্ভর করেন তাদের পাশে থাকার

জন্য আমি গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ জানাচ্ছি। এরা হলেন পরিশ্রমী সাধারণ মানুষ যাদের সাশ্রয়ী হেলথ ইনস্যুওরেন্স প্রাপ্য। ওপেন এনরোলমেন্টের সময় দ্রুত এগিয়ে আসছে এবং ফেডারেল পর্যায়ে অবিলম্বে পদক্ষেপ নেওয়া না হলে বেড়ে যাওয়া প্রিমিয়ামের হুমকি দ্রুত বাস্তব হয়ে উঠছে। এই এনহ্যান্সড প্রিমিয়াম ট্যাক্স ক্রেডিটের মেয়াদ শেষ হয়ে যেতে দেওয়া হলে তা পরিশ্রমী নিউ ইয়র্কবাসীদের জন্য অনেক বিধ্বংসী হবে, তাদেরকে খাবার, ভাড়া বা বেঁচে থাকার জন্য তাদের প্রয়োজনীয় হেলথ কেয়ারের অর্থ পরিশোধ করার মধ্যে বাছাই করতে বাধ্য করা হবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন